

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ২২৪

তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ডুমুরিয়া উপজেলার মাঠ সংগঠক জনাব পল্লব রায় চৌধুরী'র কার্যক্রম যাচাইপূর্বক ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র আওতাভুক্ত খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব পল্লব রায় চৌধুরী'র ব্লকভুক্ত সমিতিসমূহের মধ্যে বিতরণকৃত ঋণের মধ্যে ২৬,১৩,৯২৮.০০ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী এবং ৮,৮৭,১১১.০০ টাকা কিস্তি খেলাপী হয়েছে, যা ০৯/০৭/২০২০ তারিখে সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়। এতে সুস্পষ্টভাবে ধারণা করা যায় যে, তার কার্যক্রম মোটেই সন্তোষজনক নয়। তাছাড়া তাঁর কাছে সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের বিপুল পরিমাণ অর্থ হস্তমজুদ/আত্মসাৎ রয়েছে মর্মে তথ্য রয়েছে। তাই তাঁর ব্লকভুক্ত সমিতিসমূহ দ্রুত সরেজমিনে যাচাইপূর্বক হস্তমজুদ/আত্মসাৎ প্রমানিত হলে তা আদায়ের জন্য আইনগত ও বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, মাঠ সংগঠক জনাব পল্লব রায় চৌধুরী'র ব্লকভুক্ত সমিতিসমূহ সরেজমিনে যাচাই করে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক কর্মসূচি'র সদর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ আশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি
উপজেলাঃ ডুমুরিয়া জেলাঃ খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ডুমুরিয়া জেলাঃ খুলনা।
৪. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।